

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৬.২০১৬- ২৮২

তারিখ ২৭/১০/১৬


আদেশ

যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, কাহালু, বগুড়া-এর বিরুদ্ধে জনৈক মোঃ আমজাদ হোসেন ওয় যুগ্ম জেলা আদালত, বগুড়ায় The Negotiable Instruments Act(NIact)-এর ১৩৮ ধারায় মামলা নং ৪৭৮/২০১৫ দায়ের করেন। শুনানীঅন্তে উক্ত মামলায় গত ৩১-০৫-২০১৬ খ্রিঃ তারিখে বিজ্ঞ আদালত নিম্নোক্ত আদেশ প্রদান করেন :

“Negotiable Instruments Act(NIact)-এর ১৩৮ ধারায় বর্ণিত অপরাধের অভিযোগে দোষী গণ্ণি তাকে ১০(দশ) মাসের বিনাশ্রমে করাদণ্ড এবং ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অর্থ দণ্ডে দণ্ডিত করা হয়। উক্ত অর্থ দণ্ডের মধ্যে চেকে উল্লিখিত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বাদী প্রাপ্ত হবে। বাকী টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা হবে। অর্থ দণ্ডের টাকা তার স্থাবর অস্থাবর সম্পত্তি ক্রোকপূর্বক নিলাম বিক্রয়ের মাধ্যমে আদায়যোগ্য। তিনি পলাতক থাকায় স্বেচ্ছায় আত্মসমর্পন অথবা পুলিশ কর্তৃক ধৃত হওয়ার তারিখ হতে সাজার মেয়াদ গণনা হবে। তবে তিনি অত্র মামলায় ইতিপূর্বে হাজতে থাকলে তা প্রদত্ত সাজার মেয়াদ হতে বাদ যাবে”।

যেহেতু, গণকর্মচারী(সাজাপ্রাপ্তিতে বরখাস্ত) অধ্যাদেশ, ১৯৮৫ এর ০৩ বিধিতে আদালত কর্তৃক রায় বা সাজার আদেশ ঘোষণার তারিখ হতে তাৎক্ষণিকভাবে চাকরি হতে বরখাস্তকরণের নির্দেশনা রয়েছে;


সেহেতু, এক্ষণে জনাব মোঃ রফিকুল ইসলাম, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, কাহালু, বগুড়া-কে বিজ্ঞ আদালত কর্তৃক রায়/আদেশ প্রদানের তারিখ ৩১-০৫-২০১৬ খ্রিঃ হতে ভূতাপেক্ষভাবে সরকারী চাকুরী হতে বরখাস্ত(Dismissal from Service) করা হলো।


(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯
তারিখ ২৭/১০/১৬

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৬.২০১৬- ২৮২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট সাবেক ক্রেডিট সুপারভাইজার-এর নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা/কল্যাণ কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কাহালু, বগুড়া।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কাহালু, বগুড়া। পত্রটি সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করতে অনুরোধ করা হলো।
- ০৮। জনাব মোঃ রফিকুল ইসলাম, সাবেক ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, কাহালু, বগুড়া।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।


(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯